দৈনিক কালবেলা
১৪ সেপ্টেম্বর/২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন

সমাজকল্যাণ মন্ত্রণালয়

সুবর্ণ ভবন, এ/৪, সেকশন-১৪, মিরপুর, ঢাকা-১২০৬

স্মারক নং-৪১.০২.০০০০.০০৮.০০.০৩৯.২০১৭(অংশ-১).১৩১৯

২৮ ভাদ্র ১৪৩০

১২ সেপ্টেম্বর ২০২৩

## নিয়োগ বিজ্ঞপ্তি

জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন এর শূন্য পদে নিয়োগের নিমিত্ত প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। প্রতিটি পদের পার্শ্বে শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য তথ্যাদি উল্লেখ করা হলোঃ

| ক্রমিক | পদের নাম ও বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না। |
|---|---|---|---|---|
| ১ | সহকারী পরিচালক (৮ম গ্রেড) ২৩০০০-৫৫৪৭০/- | ০১টি | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম ২য় শ্রেণির সম্মানসহ ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রিধারী। শিক্ষাগত যোগ্যতায় কোন পর্যায়েই ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়। ২. কর্মসূচি প্রণয়ন, ঋণ/আর্থিক ব্যবস্থাপনা, প্রতিবন্ধী ব্যক্তিদের উন্নয়ন, দারিদ্র নির্মূল ইত্যাদি বিষয়ে ২ বছর কর্মের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। | টাংগাইল, ঠাকুরগাঁও, বাগেরহাট, বরগুনা, ভোলা। **(প্রতিবন্ধী কোটায় সকল জেলার** প্রার্থী আবেদন করতে পারবেন)। |
| ২ | হিসাবরক্ষণ কর্মকর্তা (৯ম গ্রেড) ২২০০০-৫৩০৬০/- | ০১টি | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম ২য় শ্রেণির বি.কম ডিগ্রিধারী। ২. অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে। ৩. প্রার্থীকে ওয়ার্ড প্রসেসিং, স্প্রেড সিট এনালাইসিস, ভিজুয়াল প্রেজেন্টেশনে পারদর্শী এবং ইন্টারনেট, ই-মেইল ব্যবহারে দক্ষ হতে হবে। | |

প্রার্থীদের জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের ওয়েবসাইট (**www.jpuf.gov.bd**) থেকে সরকার নির্ধারিত চাকরির আবেদন ফরম ডাউনলোড করে
আবেদন করতে হবে।

**শর্তাবলী:**

১. নিয়োগের জন্য আবেদনকারী সাধারণ প্রার্থীদের বয়স ১৮-১০-২০২৩ তারিখে ১৮-৩০ বছর। তবে মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়স ১৮-৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২. আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা বা মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে তার প্রমাণক হিসেবে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধার সনদপত্র ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ফটোকপি এবং আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে তার প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/ কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৩. জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণপত্র হিসেবে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদ এবং জাতীয় পরিচয়পত্র (যদি থাকে) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৪. এতিম, প্রতিবন্ধী, ক্ষুদ্র-নৃ-গোষ্ঠী এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য প্রার্থীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের ফটোকপি দাখিল করতে হবে!

৫. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান/সর্বশেষ প্রজ্ঞাপন/প্রযোজ্য সকল প্রকার কোটা যথাযথভাবে অনুসরণ করা হবে।

৬. সরকারি, আধাসরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৭. আবেদনপত্রের সঙ্গে প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ৩(তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি, জাতীয় পরিচয়পত্র, অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে), নাগরিক সনদপত্র ও সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে।

৮. মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।

৯. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে গণ্য হবে।

১০. আবেদনপত্র ১৮-১০-২০২৩ তারিখ বিকাল ৫.০০ টার মধ্যে ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, সুবর্ণ ভবন, এ/৪, সেকশন-১৪, মিরপুর, ঢাকা-১২০৬ বরাবর পৌঁছাতে হবে। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে। খামের উপর পদের নাম ও নিজ জেলার নাম লিখতে হবে।

১১. কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোনো শর্ত সংযোজন, সংশোধন এবং পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন। কর্তৃপক্ষ অনিবার্য কারণবশতঃ নিয়োগ প্রক্রিয়ার যে কোনো পর্যায়ে স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১২. আবেদনপত্রের সাথে প্রার্থীর নিজের নাম ও বর্তমান ঠিকানা সম্বলিত ১০ (দশ) টাকার অব্যবহৃত স্ট্যাম্পযুক্ত একটি ৯”× ৪” সাইজের ফেরত খাম জমা দিতে হবে।

১৩. আবেদনের সাথে ৬০০/- (ছয়শত) টাকার অফেরৎযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন বরাবর প্রদান করতে হবে।

১৪. দৃষ্টি প্রতিবন্ধী প্রার্থীদের বিধি মোতাবেক শ্রুতিলেখক নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদান করা হবে।

১৫. ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোনো কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।

১৬. নিয়োগ সংক্রান্ত যাবতীয় তথ্য www.jpuf.gov.bd তে পাওয়া যাবে।

১৭. কর্তৃপক্ষ পদসংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন।

১৮. আবেদনকারীকে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

১২.০৯.২০২৩

**কাজী নূরুল ইসলাম**

(যুগ্মসচিব)

পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)